রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী।
আইসিটি সিস্টেম বিভাগ
www.rakub.org.bd

তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি (ISMS) নীতিমালা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বাংলাদেশের একটি রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংক, যা মূলত কৃষিখাতে অর্থায়ন এবং দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রতিষ্ঠিত হয়েছে। বিস্তৃত তৃণমূল পর্যায়ে কার্যক্রম পরিচালনাকারী একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে রাকাব বিপুল পরিমাণ তথ্য ও ডিজিটাল লেনদেন পরিচালনা করে। ফলে ব্যাংকটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) নিরাপত্তা সংক্রান্ত হুমকির প্রতি অত্যন্ত সংবেদনশীল।

যথাযথ যাচাই-বাছাই করে একটি কাঠামোবদ্ধ প্রক্রিয়ার মাধ্যমে ব্যাংকের তথ্যসম্পদ সুরক্ষায় রাকাব প্রতিশ্রুতিবদ্ধ। এ প্রক্রিয়ার আওতায় দৃশ্যমান ও অন্তর্নিহিত হুমকি এবং দুর্বলতাসমূহ শনাক্তকরণ, আইসিটি-সম্পর্কিত ঝুঁকির বিরুদ্ধে উপযুক্ত প্রতিরোধমূলক ও সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ এবং ব্যাংকের সামগ্রিক সাইবার নিরাপত্তা সক্ষমতা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ অন্তর্ভুক্ত রয়েছে।

কার্যকর তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতির ক্ষেত্রে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) আইনগত ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষ সম্মতির সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে। প্রযোজ্য স্থানীয় আইন, বাংলাদেশ ব্যাংকের আইসিটি গাইডলাইন্স এবং ISO/IEC 27001 এর ন্যায় আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদন্ড ও সর্বোত্তম অনুশীলনের সঙ্গে সামঞ্জস্যতা ব্যাংক নিশ্চিত করে।

রাকাব তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি এ উত্তম কর্মদক্ষতা অর্জনের জন্য কৌশলগত প্রক্রিয়ার মাধ্যমে প্রযোজ্য সকল চাহিদা পূরণ করার পাশাপাশি নিয়ন্ত্রক সংস্থা, গ্রাহক এবং অভ্যন্তরীণ ব্যবহারকারীসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের চাহিদা ও প্রত্যাশা পূরণ করে। পাশাপাশি ব্যাংক গুরুত্বপূর্ণ তথ্যসম্পদ সুরক্ষা ও ব্যবস্থাপনার সক্ষমতার ধারাবাহিক উন্নয়ন নিশ্চিত করতে সচেষ্ট আছে।

তথ্যের গোপনীয়তা, অখণ্ডতা ও প্রাপ্যতার মূলনীতি নিশ্চিত করার জন্য রাকাব সমগ্র ব্যাংক ব্যাপী তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি উন্নয়ন ও বাস্তবায়ন করেছে। এ ব্যবস্থা ব্যাংকের সকল অপারেশনাল ইউনিট, ডিজিটাল প্ল্যাটফর্ম এবং সেবা প্রদান চ্যানেলসমূহে প্রয়োগ করা হয়।

ISMS সম্পর্কিত সকল প্রযোজ্য আইন, নিয়ন্ত্রক নির্দেশনা ও চুক্তিগত বাধ্যবাধকতা পরিপূর্ণভাবে মেনে চলতে রাকাব প্রতিশ্রুতিবদ্ধ। ব্যাংকের ঊর্ধ্বতন ব্যবস্থাপনা এ নীতিকে সক্রিয়ভাবে সমর্থন করে এবং নিশ্চিত করে যে তথ্য নিরাপত্তা ব্যাংকের সংস্কৃতি, মূল্যবোধ এবং দৈনন্দিন কার্যক্রমের সঙ্গে সমন্বিত রয়েছে।

এ ISMS নীতিমালা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ঊর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃক অনুমোদিত এবং যথাযথ বোধগম্যতা ও বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য সকল ব্যাংক কর্মকর্তা-কর্মচারী, সেবা প্রদানকারী ও তৃতীয় পক্ষসহ সকল প্রযোজ্য অংশীজনকে জানানো হয়।

মোঃ আরিফুজ্জামান
উপ-মহাব্যবস্থাপক

Information Security Management System (ISMS) Policy

Rajshahi Krishi Unnayan Bank (RAKUB) is a state-owned specialized bank in Bangladesh, primarily established to finance the agricultural sector and promote rural economic development, especially in the northwestern regions of the country. As a financial institution with extensive grassroots-level operations, RAKUB handles a significant volume of data and digital transactions, making it highly sensitive to the threats of Information and Communication Technology (ICT) Security.

RAKUB is committed to protecting its information assets through a structured process of due diligence. This includes identifying both visible and underlying threats and vulnerabilities, taking appropriate preventive and corrective actions against ICT-related risks, and ensuring the cybersecurity resilience of the bank.

RAKUB acknowledges the importance of legal and regulatory compliance in maintaining an effective Information Security Management System. The bank ensures alignment with the applicable local laws, Bangladesh Bank ICT guidelines, and internationally accepted standards and best practices such as ISO/IEC 27001.

With this strategic approach, RAKUB aims to achieve a high level of performance in its Information Security Management System (ISMS), fulfilling all applicable requirements while meeting the needs and expectations of stakeholders, including regulators, customers, and internal users. The bank also strives to continuously improve its capacity to secure and manage critical information assets.

To ensure the core principles of Confidentiality, Integrity, and Availability (CIA) of information, RAKUB has developed and implemented an enterprise-wide Information Security Management System (ISMS). This system is applied across all operational units, digital platforms, and service delivery channels of the bank.

RAKUB is fully committed to complying with all relevant statutory, regulatory, and contractual obligations concerning its ISMS. The bank's senior management actively supports this policy, ensuring that information security is integrated into the culture, values, and operations of the bank.

This ISMS Policy is approved by the top management of Rajshahi Krishi Unnayan Bank and is communicated to all relevant stakeholders, including employees, service providers, and third parties, to ensure proper understanding and implementation.

Md.Arifuzzaman
Deputy General Manager